দৈনিক
ইত্তেফাক

তারিখ ৩/৪/০৩
পৃষ্ঠা ২০ কলাম ৪

এসএসসি

# ঘিওরে ১০ জন শিক্ষক বহিষ্কার

ইত্তেফাক রিপোর্ট ঃ গতকাল বুধবার এসএসসি পরীক্ষায় মানিকগঞ্জের ঘিওরে দূর্গা নারায়ণ পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ১০ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। নকলে সহায়তা করার দায়ে, তাদেরকে বহিষ্কার করা হয়। ঘিওর (মানিকগঞ্জ) সংবাদদাতা জানান, শুরু থেকে ঘিওরে পরীক্ষায় নকল হচ্ছিল। ঘিওরের সহকারী কমিশনার গতকাল ১১ জন ছাত্র ও ১০ জন শিক্ষককে বহিষ্কার করার পর একটি পক্ষ বিষয়টি ধামাচাপা দেয়ার চেষ্টা করে। গতকাল দেশের অন্যান্য স্থানে এসএসসি পরীক্ষা মোটামুটি শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। তবে বিভিন্ন স্থানে মাদ্রাসার দাখিল পরীক্ষায় নকল হয়েছে।